

১৬৭

শিক্ষাপ্রদ

প্রসঙ্গ : ইতিহাস সচেতনতা
অতীত ইতিহাস হচ্ছে বর্তমান ও ভবিষ্যতের পথনির্দেশক। একে ভবিষ্যতের চলার পথের দর্পণও বলা হয়। বর্তমান ও ভবিষ্যতকে বাঞ্ছিত পথে সুস্থ সুন্দরভাবে এগিয়ে নেওয়ার জন্যই নিজেদের ইতিহাস-ঐতিহ্যকে সব সময়ই সামনে রাখতে হয়। যে জাতি নিজস্ব ঐতিহ্য ও আপন পূর্বসূরীদের ইতিহাস বিস্মৃত হয়ে যায়, সে বিভ্রান্তির শিকার হয়ে পড়ে। আমরা আজ জাতীয় জীবনের বিভিন্ন বিভাগে যেসব অনিশ্চিতাজনিত পরিস্থিতির মোকাবেলা করে চলেছি তার অনেকগুলোই আমাদের জাতীয় ঐতিহ্য ও পূর্বসূরীদের নীতি আদর্শ ও ধ্যান-ধারণা থেকে বিচ্যুতির ফল। এর

চাইতে পরিতাপের বিষয় আর কি হতে পারে যে, আমাদের দেশের সর্বোচ্চ বিদ্যালয়ের ছাত্ররা জানে না যে, তিতুমীর কে ছিলেন পানিপথের যুদ্ধ কেন এবং কার সাথে সংঘটিত হয়েছিল। জাতির সুধীবৃন্দ এ কারণেই আজ নতুন করে নিজেদের পূর্বসূরীদের ইতিহাস এবং তাদের অবদানসমূহ স্মরণ করার প্রয়োজনীয়তা তীব্রভাবে অনুভব করছেন। একটি জাতির স্বাধীনতা অর্জনে, নির্মাণে ও তার স্থায়িত্ব বিধানে বহুবিধ উপকরণ কাজ করে। হিমালয়ান উমহাদেশের স্বাধীনতা সংগ্রামের শেষের দিকে মুসলমানদের নিজেদের স্বাধীন অস্তিত্ব লাভের জন্য এক সাথে

বহুমুখী সংগ্রাম করতে হয়েছে। পরিতাপের বিষয় যে, উপনিবেশিক শাসন থেকে মুক্তি ও স্বতন্ত্র জাতিসত্তার পরিচয় অক্ষুণ্ণ রাখার প্রশ্নে জাতির মুক্তি আন্দোলনের সেই সংকটময় দিনগুলোতে যারা সাংস্কৃতিক রণাঙ্গনে আপোষহীনভাবে লড়াই করছে এবং সকল লোভ প্রলোভনকে উপেক্ষা করে নিষ্ঠাসহকারে আপন কর্তব্য পালন করে গেছে, আমরা এখন সেসব পূর্বসূরীদের ভুলতে বসেছি। জাতির পূর্বসূরীদের ইতিহাস ও ঐতিহ্যকে আমাদের ভবিষ্যৎ বংশধরদের সামনে তুলে ধরার দায়িত্ব হচ্ছে জাতির সেসব দায়িত্বশীল ব্যক্তির উপর, যারা শিক্ষা ও পাঠ্য

প্রকল্পের সাথে সংশ্লিষ্ট কিন্তু বর্তমানে আমাদের সন্তানদেরকে জাতীয় ইতিহাস ও ঐতিহ্য সংক্রান্ত ইতিহাস পড়ানো হয় না, বললেই চলে। এসএসসিতে ইংরেজী কম্পালসারি পেপার, কিন্তু ইতিহাস নয় মূলত এ কারণে উচ্চ শ্রেণীর ছাত্র-ছাত্রীরা আজ তিতুমীর, পানিপথের যুদ্ধ বা এ জাতীয় ঐতিহাসিক বিষয়ের ব্যাপারে কিছুই জানে না। আমাদের ইতিহাস-ঐতিহ্য, কৃষ্টি, সংস্কৃতি ও জাতীয় পর্যায়ে আমাদের পূর্বসূরীদের ব্যাপারে এ অবহেলা অমার্জনীয়। নিজেদের স্বার্থেই এর অবসান করা এবং ইতিহাসে পাঠ্য তালিকায় বাধ্যতামূলক করা প্রয়োজন।
—মোজহারুল হক (বাবুল)
ফকিরবাড়ী, হাটহাজারী, চট্টগাম।